গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর
www.dgc.edu.bd

বিজ্ঞপ্তি নং-দিসক/দিনাজ/মা:ফা.(প্রা.)রেজি./১৭/২০১৮/২১৫৬ তারিখ: ০৬/০৩/২০১৮ খ্রি.

২০১৭ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইট: (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions)

অনলাইলে রেজিস্ট্রেশনের আবেদনের তারিখ:	০৬/০৩/২০১৮ হতে ২০/০৩/২০১৮ পর্যন্ত
সংশ্লিষ্ট বিভাগে আবেদন ফরম ও প্রয়োজনীয় কাগজপত্র জমাদানের তারিখ	০৭/০৩/২০১৮ হতে ২১/০৩/২০১৮ পর্যন্ত
সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করার তারিখ	০৭/০৩/২০১৮ হতে ২১/০৩/২০১৮ পর্যন্ত

১। অত্র কলেজে নিম্নোক্ত বিষয়সমূহে মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন করা হবে এবং এতদসংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাবলী উক্ত বিভাগসমূহ থেকে জানা যাবে।

১. বাংলা	৩. অর্থনীতি	৫. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি	৭. রাষ্ট্রবিজ্ঞান	৯. হিসাববিজ্ঞান
২. ইংরেজি	৪. ইতিহাস	৬. দর্শন	৮. ব্যবস্থাপনা	১০. সমাজবিজ্ঞান

২। রেজিস্ট্রেশনের যোগ্যতা :

(ক) জাতীয় বিশ্ববিদ্যালয় হতে ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় ন্যূনতম ৩য় শ্রেণিতে উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০১৭ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

(খ) জাতীয় বিশ্ববিদ্যালয় অধীনে ২০০৪ থেকে ২০১৫ সাল পর্যন্ত ০১ বছর মেয়াদী মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত ও প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা উক্ত প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

(গ) আবেদনের যোগ্যতা থাকা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে কারাবন্দীগণও আবেদন করতে পারবে।

(ঘ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।

৩। অনলাইনে আবেদনের নিয়মাবলী:

(ক) মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদনের জন্য প্রার্থী ওয়েব সাইট www.nu.edu.bd এ ফরম পূরণ করতে পারবেন। আবেদনপত্র দাখিলের সময় প্রার্থীর পাসপোর্ট আকারের সম্প্রতি তোলা রঙিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবির মাপ 120×150 Pixels, Image Type: jpg এবং Maximum file size: 50KB। আবেদন দাখিলের পর প্রার্থীগণ একটি PIN নম্বর পাবেন এবং আবেদনপত্র প্রিন্ট করতে পারবেন। অনলাইন আবেদনে কোন প্রকার ভুল তথ্য উপস্থাপন করলে আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

(খ) আবেদনকারীকে প্রিন্ট করা আবেদন ফরমটির নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে এবং সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। আবেদন ফরমটির ২য় অংশ সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ/বিভাগীয় প্রধান/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ প্রার্থীকে ফেরত দিতে হবে।

(গ) অত্র কলেজে প্রতিটি বিষয়ে সর্বোচ্চ ১০০০ (এক হাজার) জন শিক্ষার্থীর আবেদন অনলাইন থেকে ডাউনলোড করতে পারবে।

৪। রেজিস্ট্রেশনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র:
(ক) এসএসসি/সমমান, এইচএসসি/সমমান, ডিগ্রি/সমমান পরীক্ষা পাসের মূল সনদ ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি;
(খ) স্নাতক (সম্মান)/মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত ও প্রাইভেট) পরীক্ষা পাসের মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত ফটোকপি;
(গ) সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ/১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদ;
(ঘ) স্নাতক (সম্মান)/মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত ও প্রাইভেট) পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি;
(ঙ) প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত প্রার্থীগণকে "শিক্ষা ছুটি দেয়া হবে" মর্মে বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র;
(চ) অনলাইনে পূরণকৃত আবেদন ফরমসহ উপরিউক্ত কাগজপত্রের ০২ (দুই) সেট ফটোকপি জমা দিতে হবে
(ছ) মূল আবেদন ফরমের উপরে প্রার্থীর মোবাইল নম্বর অবশ্যই লিখতে হবে।
(জ) আবেদন ফরম সংশ্লিষ্ট বিভাগে জমা দেয়ার সময় সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।

৫। ফি জমাদানের স্থান: সাউথইস্ট ব্যাংক লি: (টেলিক্যাশ), কলেজ বুথ, বিজ্ঞান ভবন দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর।

২০১৭ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন সংক্রান্ত ফি নিম্নে প্রদত্ত হলো-

প্রাথমিক আবেদন ফি	ঃ	৩০০/-
রেজিস্ট্রেশন ফি	ঃ	৮০০/-
ব্যবস্থাপনা ফি	ঃ	১০০/-
যাতায়াত ও পরিবহণ	ঃ	৬০/-
নিরাপত্তা/নৈশ প্রহরী/অত্যাবশ্যকীয় কর্মচারী ফি	ঃ	৩০০/-
আইসিটি	ঃ	২০/-
বিবিধ	ঃ	১০০/-
	মোট ঃ	১৬৮০/-

৬। আবেদনসহ কাগজপত্র জমাদান: ব্যাংকে টাকা জমাদানের কপিসহ প্রয়োজনীয় কাগজপত্র ০২ (দুই) সেট স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।

৭। পত্রকোড এন্ট্রি: ২০১৭ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে নির্বারিত সময়ের মধ্যে প্রার্থীদের বিষয়ওয়ারী (২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের জন্য প্রযোজ্য সিলেবাস থেকে) পত্রকোড এন্ট্রি দিতে হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে পত্রকোড এন্ট্রি না দেয়া হলে অথবা ভুল পত্রকোড এন্ট্রি দেয়া হলে সংশ্লিষ্ট প্রার্থীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না।

বি: দ্র: (ক) শিক্ষার্থীকে রেজিস্ট্রেশনের সমস্ত কার্যক্রম নিজ দায়িত্বে সম্পন্ন করতে হবে। রেজিস্ট্রেশন সংক্রান্ত কোন জটিলত দেখা দিলে কলেজ কর্তৃপক্ষ কোন দায়-দায়িত্ব বহন করবে না।
(খ) সংশ্লিষ্ট বিভাগ ও শিক্ষার্থীদেরকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিজ্ঞপ্তি অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

প্রতি স্বাক্ষর

[স্বাক্ষর] ২০১৮

অধ্যক্ষ
দিনাজপুর সরকারি কলেজ
দিনাজপুর

[স্বাক্ষর] ০২/০৩/১৮
(প্রফেসর মো: ইছাহাক আলী)
আহ্বায়ক
মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) ভর্তি ও পরীক্ষা কমিটি ২০১৬-২০১৭
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

অনুলিপি-
১। উপাধ্যক্ষ, অত্র কলেজ।
২। আহ্বায়ক, মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) ভর্তি ও পরীক্ষা কমিটি ২০১৬-২০১৭, অত্র কলেজ।
৩। সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান, অত্র কলেজ।
৪। হিসাব শাখা ও ক্যাশ শাখা, অত্র কলেজ।
৫। অফিস নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
দিনাজপুর সরকারি কলেজ,দিনাজপুর
www.dgc.edu.bd

বিজ্ঞপ্তি নং-দিসক/দিনাজ/একাডেমিক/মা:ফা:ভর্তি/১৬-১৭/২০১৮/২৮৩ তারিখ: ০৬/০৩/২০১৮ খ্রি.

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) প্রোগ্রামে অনলাইন ভর্তি কার্যক্রমের প্রাথমিক আবেদন ফরম পূরণ সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি:

জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি নং-১৬(৭৫১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি/২০১৬-২০১৭/৪১৬৬ তারিখ: ০৪/০৩/২০১৮ মোতাবেক ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) প্রোগ্রামে অনলাইন ভর্তি কার্যক্রমের প্রাথমিক আবেদন নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে। উক্ত কোর্সে আবেদন করতে ইচ্ছুক শিক্ষার্থীদের নিম্নবর্ণিত ধাপ অনুযায়ী আবেদন করতে হবে।

ক্রমিক	করণীয়	আবেদনের তারিখ
১	প্রথম ধাপ: অনলাইনে প্রাথমিক আবেদন শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট website (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) এর Masters অপশনে ক্লিক করে Apply Now (Master's Reg.) অপশনের মাধ্যমে আবেদন ফরম পূরণ করতে হবে। এই অপশনে শিক্ষার্থী তার উত্তীর্ণ স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) ও মাস্টার্স (নিয়মিত) ১ম পর্ব পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও পাসের সন এন্ট্রি দিতে হবে। শিক্ষার্থী তার পছন্দ অনুযায়ী একটি কলেজ/ইন্সটিটিউটের নাম select করলে শিক্ষার্থী তার স্নাতক পর্যায়ে পঠিত বিষয়ে অধিভুক্ত জেলাওয়ারী কলেজসমূহের তালিকা দেখতে পাবে এবং সতর্কতার সংগে প্রার্থিত কলেজের পছন্দ নির্বাচনসহ অন্যান্য তথ্য পূরণ করবে। আবেদন ফরমে শিক্ষার্থীর ছবি স্ক্যান করে আপলোড করতে হবে এবং submit অপশনে গিয়ে ফরম download করে প্রিন্ট নিতে হবে। সঠিকভাবে ফরম পূরণের জন্য শিক্ষার্থীদের ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষপর্ব (নিয়মিত) শিক্ষা কার্যক্রমের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিজ্ঞপ্তি অনুসরণ করতে হবে।	০৬/০৩/২০১৮ থেকে ২০/০৩/২০১৮
২	দ্বিতীয় ধাপ (আবেদন জমাকরণ): শিক্ষার্থীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদনপত্রের সংগে (নির্ধারিত স্থানে স্বাক্ষর করে) সংশ্লিষ্ট কলেজে আবেদন ফি বাবদ ৩৩০/- (তিনশত ত্রিশ) টাকার রসিদ কলেজ ক্যাশ শাখা হতে সংগ্রহ করে সাউথইস্ট ব্যাংক লিঃ, বিজ্ঞান ভবন, কলেজ বুথ এ জমা দিয়ে জমাদানের রসিদ এবং মাধ্যমিক, উচ্চমাধ্যমিক/সমমান, স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) ও মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত) পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি ০২ (দুই) সেট সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।	০৭/০৩/২০১৮ থেকে ২১/০৩/২০১৮ দুপুর ১২ টা পর্যন্ত
৩	সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়নের তারিখ (সংশ্লিষ্ট বিভাগ আবেদন ফরম ও রেজিস্টার সংরক্ষণ করবে)।	০৭/০৩/২০১৮ থেকে ২১/০৩/২০১৮

সাধারণ নির্দেশনা:

ক) ভর্তি কার্যক্রমের সময়সূচি ও ফলাফল জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট website (www.nu.edu.bd/admissions) এর মাধ্যমে জানা যাবে। SMS (nu<space>atmf<space>roll no টাইপ করে 16222 নাম্বারে send করতে হবে) এর মাধ্যমে শুধুমাত্র ভর্তির ফলাফল জানা যাবে।

খ) সংশ্লিষ্ট কোর্সে একই শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

গ) ভর্তির আবেদন ফরমে শিক্ষার্থীর কোন তথ্য অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার আবেদন ফরম/চূড়ান্ত ভর্তি বাতিলসহ ভর্তি নির্দেশিকার যে কোন ধারা/নিয়মাবলী সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

ভর্তিচ্ছু কোর্স ও বিষয়	ভর্তিচ্ছু কোর্স ও বিষয়
Master of Arts (MA) Subject: 1) Bangla, 2) English, 3) History 4) Islamic History & Culture, 5) Philosophy	**Master of Social Science (MSS) Subject:** 1) Political Science, 2) Sociology, 3) Economics
Master of Science MSc) Subject: 1) Physics, 2) Chemistry, 3) Botany, 4) Zoology, 5) Mathematics	**Master of Business Administration (MBA) Subject:** 1) Accounting, 2) Management

<u>আবেদন ফরম বাতিলকরণ:</u>

আবেদন ফরম সংশ্লিষ্ট বিভাগে জমাদানের পূর্বে কোন শিক্ষার্থী তার আবেদন ফরমে প্রতিষ্ঠান/কলেজের নাম পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে Form Cancel option এ গিয়ে Click to Generate the Security key অপশনটি ক্লিক করতে হবে। এ সময়ে শিক্ষার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে এবং একই সংগে ই-মেইলে One Time Password (OTP) পাবে। এই OTP ব্যবহার করে শিক্ষার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ করতে পারবে। এ লক্ষ্যে আবেদনকারীকে তার ব্যক্তিগত সঠিক মোবাইল নম্বর ও ই-মেইল নম্বর সর্তকতার সংগে আবেদন ফরমে সংযোজন করতে হবে। তবে বিভাগ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন করা হলে তা বাতিল করা যাবে না।

◆ <u>শিক্ষার্থী ফরম বাতিলের সুযোগ মাত্র একবারই পাবে।</u>

<u>ফলাফল:</u>

ক) জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ভর্তির জন্য আবেদনকারী শিক্ষার্থীদের ফলাফল প্রকাশিত হবে।

খ) শিক্ষার্থীরা ভর্তি সংশ্লিষ্ট website (www.nu.edu.bd/admissions)/SMS (nu<space>atmf <space>roll no টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে অথবা সংশ্লিষ্ট কলেজ থেকে ফলাফল জানতে পারবে।

বি:দ্র: সংশ্লিষ্ট বিভাগকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিজ্ঞপ্তি অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

প্রতি স্বাক্ষর

অধ্যক্ষ
দিনাজপুর সরকারি কলেজ
দিনাজপুর

০৬/০৬/১৮
(প্রফেসর মো: ইছাহাক আলী)
আহ্বায়ক
মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) ভর্তি ও পরীক্ষা কমিটি ২০১৬-২০১৭
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর